ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০২২
খোয়াই,৩ ডিসেম্বর,২০২৪

# খোয়াইয়ে আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহযোগিতায় আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে আন্তর্জাতিক দিব্যাঙ্গজন দিবস এবং যুব উৎসব উদযাপন করা হয়। প্রদীপ জ্বেলে অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জেলার জেলাশাসক চান্দনী চন্দ্রন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, সরকার দিব্যাঙ্গজনদের কল্যাণে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে কাজ করছে। দিব্যাঙ্গদের পাশে সহযোগিতার মনোভাব নিয়ে দাঁড়ানোর জন্য তিনি সমাজের সব অংশের মানুষের প্রতি আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানে সমাজসেবী সুব্রত মজুমদার বলেন, দিব্যাঙ্গজন ভাইবোনেরাও সমাজেরই একজন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা আধিকারিক সুজিত দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দিব্যাঙ্গ সৌরভ পাল। অনুষ্ঠানে উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৫ জন ও মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ৫ জন দিব্যাঙ্গ ছাত্রছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন জেলাশাসক চান্দনী চন্দ্রন। অনুষ্ঠানে দিব্যাঙ্গজন ছেলেমেয়েদের নিয়ে ৫০ মিটার দৌড়, হাই জাম্প, লং জাম্প, শটপাট প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় এই চারটি ইভেন্টে ৪০ জন দিব্যাঙ্গজন ছেলেমেয়ে অংশ নেয়।

*****